

বরাবর
মহাপরিচালক
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।

বিষয়: যোগদান প্রসঙ্গে।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের তথ্য ও গণযোগাযোগ-১ শাখার ১৪ই মার্চ, ২০২১ তারিখের ১৫.০০.০০০০.০২৫.১৮.৫৯.১৫.৯৮ নং প্রজ্ঞাপনে আমাকে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) থেকে গণযোগাযোগ অধিদপ্তরের 'গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ' শীর্ষক প্রকল্পে প্রকল্প পরিচালক হিসেবে বদলী করা হয়েছে (কপি সংযুক্ত)।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) থেকে ২২ মার্চ, ২০২১ তারিখের ১৫.৬২.০০০০.০০২.১৮.০০৫.২১-৬৭৯ নং অফিস আদেশে অপরাহ্নে আমাকে অবমুক্ত করা হয় (কপি সংযুক্ত)।

আমি আজ ২৩ মার্চ, ২০২১ তারিখ পূর্বাহ্নে গণযোগাযোগ অধিদপ্তরে যোগদান করলাম।

মহোদয় সমীপে আমার যোগদানপত্র গ্রহণের বিনীত অনুরোধ করছি।

নিবেদক
আপনার একান্ত,
স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান)
প্রকল্প পরিচালক
'গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম
শক্তিশালীকরণ' শীর্ষক প্রকল্প

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০।

নং- ১৫.৫৬.০০০০.০০১.১৯.০৪২.২১. ৭৩৭/২(১২)

তারিখঃ ২৬.০৩.২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো:

- ০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রচার ও সমন্বয়/প্রশাসন ও অর্থ/কারিগরি ও প্রশিক্ষণ), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ০৩। প্রকল্প পরিচালক, গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্প, বাংলামটর, ঢাকা।
- ০৪। জনাব মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান, প্রকল্প পরিচালক, 'গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ' শীর্ষক প্রকল্প, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (তথ্য), হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। অর্গানাইজেশন এডমিন (ই-ফাইলিং ও ইজিপি), গণযোগাযোগ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (ই-ফাইলিং ও ইজিপি সিস্টেমে কর্মকর্তার তথ্য হালনাগাদকরণের জন্য)।
- ০৭। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। সংশ্লিষ্ট নথি/ওয়েব সাইট।

২৬/০৩/২০২১
(ফারহানা রহমান)
উপপরিচালক (প্রশাসন)